

ঢাকা ওয়াসা

অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০১৫.২৩

বিষয়: **Fitting, Fixing of Missing/Damaged manhole cover of existing sewerage line at Different areas under MODS Zone-3, Dhaka WASA (Group-2)** কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ: ১.০

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন -৩ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ জোন। এই জোনের আওতাধীন এলাকায় বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থাপনা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের বসবাস। মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান স্যুয়ারেজ লাইনের ম্যানহোল সমূহে **CI/Composite** ম্যানহোল কভার স্থাপন করা আছে। এই ম্যানহোল কভার প্রতিনিয়ত বিভিন্ন কারণে ক্ষতিগ্রস্ত/মিসিং হয়। ম্যানহোল কভার ক্ষতিগ্রস্ত হলে/মিসিং হলে উক্ত ম্যানহোল সমূহ উন্মুক্ত অবস্থায় থাকে, ফলে যে কোন সময় দুর্ঘটনা ঘটানোর আশংকা থাকে। এছাড়া ম্যানহোল কভার ভেঙে গেলে/মিসিং হলে রাস্তায় যানবাহন ও জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে, ফলে রাস্তায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয় এবং প্রচণ্ড জনদুর্ভোগ দেখা দেয়। ফলে ঢাকা ওয়াসার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। তাই অতিদ্রুত ক্ষতিগ্রস্ত ম্যানহোল কভার সমূহ প্রতিস্থাপন করার প্রয়োজন হয়। ক্ষতিগ্রস্ত/মিসিং ম্যানহোল কভার সমূহ দ্রুততার সাথে প্রতিস্থাপন করা হলে জনদুর্ভোগ লাঘব হবে এবং ঢাকা ওয়াসার ভাবমূর্তি উজ্জল হবে।

অনুচ্ছেদ: ১.১

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন -৩ এর আওতাধীন মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান স্যুয়ারেজ লাইনের ম্যানহোল সমূহে ক্ষতিগ্রস্ত/মিসিং **CI/Composite** ম্যানহোল কভার পুনঃস্থাপনের লক্ষ্যে ঢাকা ওয়াসার সর্বশেষ অনুমোদিত রেট ও গণপূর্ত বিভাগ এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৪,৯৩,৪৫৫.৫৩৪ (চার লক্ষ তিরানব্বুই হাজার চারশত পঞ্চাশ দশমিক পাঁচ তিন চার) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন হয়। সেজন্য ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে কাজটি সম্পাদনের নিমিত্তে PPR-2008 এর বিধি ৬৩ (১) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) e-GP প্রক্রিয়ায় সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজটি মডস জোন-৩ এর ২০২২-২০২৩ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-16.2.4 এ অন্তর্ভুক্ত আছে। ঢাকা ওয়াসার অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তি

১	২০২২-২৩ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২	ক্যালকুলেশন।
৩	প্রাক্কলন।

অনুচ্ছেদ: ১.২




এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে **Fitting, Fixing of Missing/Damaged manhole cover of existing sewerage line at Different areas under MODS Zone-3, Dhaka WASA(Group-2)** কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোটঃ ৪,৯৩,৪৫৫.৫৩৪ (চার লক্ষ তিরানব্বুই হাজার চারশত পঞ্চাশ দশমিক পাঁচ তিন চার) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন।

খ) আলোচ্য কাজটি PPR-2008 এর বিধি ৬৩ (১) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বান করে সম্পন্ন করার সদয় অনুমোদন এবং



গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২২-২৩ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০২) খাত এর ক্রমিক নং- B-16.2.4 হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

			
১২-০৩-২০২৩ ১২:১৪:১১ মোস্তাক আহমেদ উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩	১২-০৩-২০২৩ ১৬:৫৩:৪৫ মোঃ নজরুল ইসলাম সহকারী প্রকৌশলী মডস জোন-৩	১৩-০৩-২০২৩ ১৪:৫০:৪০ জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	১৪-০৩-২০২৩ ১০:৫০:২৬ শেখ মোহাম্মদ আনোয়ার সাগর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১
১৪-০৩-২০২৩ ১০:৫০:১৬ মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)			

অনুচ্ছেদ: ১.৩

অনুমোদিত

		
১৪-০৩-২০২৩ ১৩:৩৩:১৬ মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৫-০৩-২০২৩ ১৩:৪২:২৫ জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	১৫-০৩-২০২৩ ১৩:৪২:২৫ মোস্তাক আহমেদ উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩